

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ গেজেট

অর্তারিত সংখ্যা
স্থৃত প্রক্রিয়া কর্তৃত প্রকাশিত

শানিবার, মার্চ ১৭, ১৯৯০

৮ম ধন্দ—বেসরকারী ব্যাচি এবং করপোরেশন কর্তৃক অর্ধের বিনিয়নে জারীকৃত
বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

বাংলাদেশ রেশম বোর্ড

রাজশাহী

প্রজ্ঞাপন

চাকা, ২০শে পৌষ, ১৩৯৬/৩ৱা জানুয়ারী, ১৯৯০

নং এস, আর, ও ৫-আইন/১০—Bangladesh Sericulture Board's Ordinance, 1977
(LXII of 1977) এর section 24 তে প্রদত্ত ক্ষমতাবলৈ Bangladesh Sericulture Board,
সরকারের পূর্ব অনুমতিক্রমে, নিম্নরূপ প্রতিধানমালা প্রণয়ন করিলেন, যথা :—

প্রথম অধ্যায়

শুভনা

১। সংক্ষিপ্ত শিরনাম ও প্রয়োগ।— (১) এই প্রতিধানমালা বাংলাদেশ রেশম বোর্ড এর
কর্মচারী চাকুরী প্রতিধানমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) এই প্রতিধানমালা বাংলাদেশ রেশম বোর্ড এর সকল সার্বক্ষণিক কর্মচারীর প্রতি প্রযোজ্য
হইবে। তবে চূর্ণিতভিত্তি নয়োজিত কর্মচারীগণের ক্ষেত্রে, এই প্রতিধানমালার বিধানবলীর কোন
কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চূর্ণিতে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে উক্ত বিধানবলী প্রযোজ্য
হইবে না।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই প্রতিধানমালার,—

(ক) “অসদাচরণ” বলিতে চাকুরীর শুভনা বা নিয়মের হানিকর, অথবা কোন কর্মচারী
বা ভদ্রজনের পক্ষে শোভনীয় নয় এমন, আচরণকে বুঝাইবে, এবং নিম্নবর্ণিত
আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :—

(১) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ ;

(২২৩)

শুভনা : চাকা ৩'৩০

- (২) কর্তব্যে অবহেলা;
- (৩) কোন আইন সংগতকারণ বাস্তিরেকে বোর্ডের কোন আদেশ, পরিপন্থ অথবা নির্দেশাবলীর প্রতি অবজ্ঞা প্রদর্শন; এবং
- (৪) কোন কর্তৃপক্ষের নিকট কোন কর্মচারীর বিরুদ্ধে বিচার-বিবেচনাহীন, বিরাজিকর, মিথ্যা বা অসার অভিযোগ সম্বলিত দরখাস্ত পেশকরণ;
- (খ) “উপযুক্ত কর্তৃপক্ষ” বলিতে এই প্রবিধানমালার অধীন কোন নির্দিষ্ট কার্য নিষ্পত্তির জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হিসাবে বোর্ড কর্তৃক মনোনীত কর্তৃপক্ষকে বৃঝাইবে;
- (গ) “কর্তৃপক্ষ” বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বৃঝাইবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের উদ্ধৃতন কর্তৃপক্ষও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “কর্মকর্তা” বলিতে বোর্ডের কোন কর্মকর্তাকে বৃঝাইবে;
- (ঙ) “কর্মচারী” বলিতে বোর্ডের স্থায়ী বা অস্থায়ী যে কোন কর্মচারীকে বৃঝাইবে, এবং যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (চ) “তফসিল” বলিতে এই প্রবিধানমালার সাহিত সংযোজিত তফসিলকে বৃঝাইবে;
- (ছ) “ডিপ্রী” বা “ডিপ্লোমা” বা “সার্টিফিকেট” বলিতে ক্ষেপ্তন স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত প্রতিষ্ঠান, স্বীকৃত ইন্সিটিউট বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত ডিপ্রী, ডিপ্লোমা বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেটকে বৃঝাইবে;
- (জ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে বোর্ডকে বৃঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বোর্ড কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঝ) “পদ” বলিতে তফসিলে উল্লেখিত কোন পদকে বৃঝাইবে;
- (ঝঁ) “পল্লীয়ন” বলিতে বিনা অনুমতিতে চাকুরী বা কর্মসূল ত্যাগ করা, অথবা ঘাট দিন বা তদুদ্ধৰ্ম সময় যাবত কর্তব্য হইতে অনুপস্থিত থাকা, অথবা অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতার অনুমোদিত মেয়াদের পর ঘাট দিন বা তদুদ্ধৰ্ম সময় প্রস্তুত অনুমতি গ্রহণ ব্যাতিরেকে অনুপস্থিত থাকা, অথবা বিনা অনুমতিতে দেশত্যাগ এবং প্রশান্তি বা তদুদ্ধৰ্ম সময় বিদেশে অবস্থান করা অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিয়া বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ঘাট দিন বা তদুদ্ধৰ্ম সময় বিদেশে অবস্থান করাকে বৃঝাইবে;
- (ঝঁ) “প্রয়োজনীয় যোগ্যতা” বলিতে কোন পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাকে বৃঝাইবে;
- (ঝঁঁ) “বাছাই কার্মিট” বলিতে প্রবিধান-৪ এর অধীন গঠিত কোন বাছাই কার্মিটকে বৃঝাইবে;

- (ড) "বোর্ড" বলতে Bangladesh Sericulture Board Ordinance, 1977 (LXII of 1977) এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Sericulture বোর্ডকে বুঝাইবে;
- (চ) "স্বীকৃত ইনষ্টিউটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বলতে, এই প্রবিধানমালার উদ্দেশ্য প্রণয়কল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত কোন ইনষ্টিউটিউট বা প্রতিষ্ঠানকে বুঝাইবে;
- (গ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বলতে আপাততঃ বলবৎ কোন আইনের স্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য প্রণয়কল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ত) "স্বীকৃত বোর্ড" বলতে আপাততঃ বলবৎ কোন আইনের স্বারা বা অধীন প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং, এই প্রবিধানমালার উদ্দেশ্য প্রণয়কল্পে বোর্ড কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

শিক্ষার অধ্যয়ন

নিয়োগ

৩। নিয়োগ পদ্ধতি।— (১) এই অধ্যায় এবং তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা যাইবে, যথা:—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে;
- (গ) প্রেরণে;
- (ঘ) চৱ্বি ভিত্তিতে;
- (ঙ) খণ্ডকালীন ভিত্তিতে।

(২) কোন পদের জন্য কোন বাস্তুর প্রয়োজনীয় যোগাতা না থাকিলে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে নির্ধারিত বয়ঃসীমার মধ্যে না হইলে তাহাকে উক্ত পদে নিয়োগ করা হইবে না:

তবে শর্ত থাকে যে সরকারের নির্দেশ অনসুরে কোন বিশেষ শ্রেণীর প্রাথমিকগণের ক্ষেত্রে উক্ত বয়সসীমা শিথিলহোগ্য হইবে।

৪। বাছাই কর্মসূচি।— কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের উদ্দেশ্যে বোর্ড এক বা একাধিক বাছাই কর্মসূচি নিরূপণ করিবে।

৫। সরাসরি নিয়োগ।—(১) কোন বাস্তি কোন পদে সরাসরিভাবে নিয়োগ লাভের জন্য উপর্যুক্ত বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যে পর্যন্ত না—

(ক) উক্ত পদে নিয়োগের জন্য নির্বাচিত ব্যক্তিকে বোর্ড কর্তৃক এতদৃদেশ্যে নিয়ুক্ত চিকিৎসা-পর্ষদ বা চিকিৎসা কর্মকর্তা তাঁহাকে স্বাস্থ্যগতভাবে উক্ত পদের দায়িত্ব পালনের উপর্যুক্ত বিলম্ব প্রত্যাহন করেন;

(খ) এইরূপ নির্বাচিত ব্যক্তির পূর্বে কার্যকলাপ ঘথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত হয় এবং দেখা যায় বে, বোর্ডের চাকুরীতে নিয়োগ লাভের জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সকল পদ উপর্যুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে দরখাস্ত আহরণ করিয়া প্ররূপ করা হইবে এবং এইরূপ নিয়োগদানের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত কোটা সম্পর্কিত নির্দেশাবলী অনুসরণ করিতে হইবে।

(৪) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদৃদেশ্যে বোর্ড কর্তৃক নিয়ুক্ত বাছাই কমিটির সম্পাদিতে ভিত্তিতে নিয়োগদান করা হইবে।

৬। শিক্ষান্বিস।—(১) সরাসরিভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ৬ (ছয়) মাসের জন্য শিক্ষান্বিস থাকিবেনঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অন্তর্ভুক্ত হয় মাসের জন্য বৃদ্ধি করিতে পারিবেন।

(২) কোন ব্যক্তিকে কোন পদ স্থায়ী করা হইবে না, যদি না তিনি সক্ষেত্রাভ্যন্তরিকভাবে শিক্ষান্বিস মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

৭। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) প্রতিধান ১৪-এর বিধান সাপেক্ষে কোন পদে পদাবলীকরণ মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে নিয়মাবলী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক এতদৃদেশ্যে বাছাইকৃত প্রাথমিকদের তালিকা বিবেচনাব্রূমে নিয়োগদান করিবেন।

(২) কোন ব্যক্তির চাকুরীর ব্যন্তির (Service Record) সক্ষেত্রাভ্যন্তর না হইলে, তিনি পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগের যোগ্য বিলম্ব বিবেচিত হইবেন না।

চৃতীয় অধ্যায়

চাকুরীর সাধারণ শর্তবলী

৮। যোগদানের সময়।— (১) এক চাকুরীসহল হইতে অন্য চাকুরীসহলে বদলীর ক্ষেত্রে একই পদে বা কোন ন্যূনতম পদে যোগদানের জন্য কোন কর্মচারীকে নিম্নরূপ সময় দেওয়া হইবে, যথাঃ—

(ক) প্রস্তুতির জন্য হয় দিন ; এবং

(খ) উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রথমে ভ্রমণে প্রক্রিয়াক্ষে অতিবাহিত সময়ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধান অন্যায়ী যোগদানের সময় গণনার উদ্দেশ্যে সাধারণ ছুটির দিন গণনা করা হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যে ক্ষেত্রে বদলীর ফলে বদলীক্ত কর্মচারীকে তাহার ন্যূনতম কর্মসূলে যোগদানের উদ্দেশ্যে বাসস্থান পরিবর্তন করিতে হয় না সেক্ষেত্রে ন্যূনতম কর্মসূলে যোগদানের জন্য এক দিনের বেশী সময় দেওয়া হইবে না, এবং এই উপ-প্রবিধানের উদ্দেশ্য প্রণকল্পে সাধারণ ছুটির দিনকেও উক্ত যোগদানের সময়ের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

(৩) কোন বিশেষ ক্ষেত্রে, উপর্যুক্ত কর্তৃপক্ষ উপ-প্রবিধান (১) ও (২) এর অধীন প্রাপ্ত যোগদানের সময় হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

(৪) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য বদলী হইলে, অথবা চাকুরীসহল পরিবর্তন করিতে হয় এমন কোন ন্যূনতম পদে নিয়োগ প্রাপ্ত হইলে তাহার প্রাপ্ত চাকুরীসহল হইতে, অথবা যে স্থানে তিনি নিয়োগের বা বদলীর আদেশ পাইয়াছেন সেই স্থান হইতে, যাহা উক্ত কর্মচারীর জন্য অধিকতর স্বীকৃতাজনক হয়, তাহার যোগদানের সময় গণনা করা হইবে।

(৫) কোন কর্মচারী এক চাকুরীসহল হইতে অন্য চাকুরীসহলে বা এক পদ হইতে অন্য পদে যোগদানের অন্তর্ভুক্তিকালীন সময় প্রার্থিকল সার্টিফিকেট পেশ না করিয়া ছুটি গ্রহণ করিলে তাহার দায়িত্বভাব হস্তান্তর করিবার পর হইতে ছুটি গ্রহণ পর্যন্ত যে সময় অতিবাহিত হয় তাহাও ছুটির অন্তর্ভুক্ত হইবে।

(৬) এক কর্মসূল হইতে অন্য কর্মসূলে বদলীর ব্যাপারে কোন বিশেষ ক্ষেত্রে এই প্রবিধানের বিধানবলী অপর্যাপ্ত প্রতীয়মান হইলে সেই ক্ষেত্রে সরকারী কর্মচারীদের বেতন প্রযোজ্য বিধি বা আদেশ প্রয়োজনীয় অভিযোজনসহ প্রযোজ্য হইবে।

৯। বেতন ও ভাতা।— সরকার বিভিন্ন সময়ে যেরূপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেরূপ হইবে।

১০। প্রারম্ভিক বেতন।— (১) কোন পদে কোন কর্মচারীকে প্রথম নিয়োগের সময়ে উক্ত পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরটি হইবে তাহার প্রারম্ভিক বেতন।

(২) কোন বাস্তিকে তাহার বিশেষ সেখান স্বীকৃতিস্বরূপ, সংশ্লিষ্ট বাছাই কমিটির স্বাক্ষরের ভিত্তিতে, উচ্চতর প্রারম্ভিক বেতন প্রদান করা যাইতে পারে।

(৩) সরকার ইহার কর্মচারীদের বেতন সংরক্ষণের উদ্দেশ্যে সময় সময় যে নির্দেশাবলী জরুরী করে তদন্তসারে বোর্ডের কর্মচারীদের বেতন সংরক্ষণ করা যাইতে পারে।

১১। পদোন্নতির ক্ষেত্রে বেতন।— কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হইলে, সাধারণতঃ সেই পদের জন্য নির্ধারিত বেতনক্রমের সর্বনিম্ন স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে, তবে উক্ত সর্বনিম্ন স্তর অপেক্ষা তাহার প্রার্থন পদে প্রাপ্ত মূল বেতন উচ্চতর হইলে, উচ্চতর পদের জন্য নির্ধারিত বেতনক্রমের যে স্তরটি তাহার প্রার্থন পদের মূল বেতনের অব্যবহৃত উপরের স্তর হয় সেই স্তরে তাহার বেতন নির্ধারিত হইবে।

১২। বেতন বর্ধন।— (১) বেতন বর্ধন স্থগিত রাখা না হইলে, সাধারণতঃ সময়মত নির্ধারিত হারে প্রতোক কর্মচারীর বেতন বর্ধিত হইবে।

(২) বেতন বর্ধন স্থগিত রাখা হইলে, উহা যে মেয়াদ পর্যন্ত স্থগিত রাখা হয় স্থগিতকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট আদেশে, সেই মেয়াদ উল্লেখ করিবেন।

(৩) কোন শিক্ষান্বিস সাফল্যজনকভাবে শিক্ষান্বিসিকাল সমাপ্ত না করিলে এবং চাকুরীতে স্থায়ী না হইলে, তিনি বেতন বর্ধনের অধিকারী হইবেন না।

(৪) প্রশংসনীয় বা অসাধারণ কর্মের জন্য বোর্ড কোন কর্মচারীকে একসংগে অনধিক দ্রুতিট বিশেষ বেতন বর্ধন মঞ্জুর করিতে পারিবে।

(৫) যে ক্ষেত্রে কোন বেতনক্রমে দক্ষতা-সীমা নির্ধারিত রহিয়াছে, সেক্ষেত্রে কোন কর্মচারীর বেতন বর্ধন স্থগিত করিবার জন্য ক্ষমতাসম্পন্ন উপযুক্ত কর্তৃপক্ষের স্ব-নির্দিষ্ট মঞ্জুরী বাতীত তাহার দক্ষতা-সীমার অব্যবহৃত উপরের বেতন বর্ধন অনুমোদন করা যাইবে না; এইরূপ মঞ্জুরীর ক্ষেত্রে এই মর্মে প্রতিবেদনকারী কর্মকর্তার স্পৃহারিশ থাকিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মচারীর কাজকর্ম দক্ষতা-সীমা অতিক্রম করার জন্য উপযুক্ত ছিল।

১৩। জোষ্টতা।— (১) এই প্রতিধানের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে কোন পদে কোন কর্মচারীর জোষ্টতা সেই পদে তাহার যোগানের তারিখ হইতে গগনা করা হইবে।

(২) একই সময়ে একাধিক কর্মচারী নিয়োগগ্রহণ কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট বাছাই কর্মিটি কর্তৃক প্রস্তুতকৃত যোধা-ভালিকা ভিত্তিক স্পৃহারিশ অনুসারে উক্ত কর্মচারীদের পারস্পরিক জোষ্টতা স্থির করিবে।

(৩) একই বৎসরে সরাসরি নিয়োগগ্রহণ ও পদোন্নতিপ্রাপ্ত বাস্তিগণের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত বাস্তিগণ জোষ্ট হইবেন।

(৪) একাধিক বাস্তিকে একই সময়ে পদোন্নতি দেওয়া হইলে, যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছে সেই পদে তাহাদের পারস্পরিক জোষ্টতার ভিত্তিতে উচ্চতর পদে তাহাদের পারস্পরিক জোষ্টতা স্থির করা হইবে।

(৫) বোর্ড ইহার কর্মচারীদের গ্রেড-ওয়ারী জোষ্টতা ভালিকা ব্রহ্মণবেষ্টণ করিবে এবং সময় সময় তাহাদের অবগতির জন্য এইরূপ ভালিকা প্রকাশ করিবে।

(৬) The Government Servants (Seniority of Freedom Fighters) Rules, 1979 এর বিধানসম্মত উহাতে প্রযোজনীয় অভিযোজনসহ বোর্ডের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৪। পদোন্নতি।— (১) তফসিলের বিধানাবলী সাপেক্ষে কোন কর্মচারীকে পরবর্তী উচ্চতর পদে পদোন্নতির জন্য বিবেচনা করা যাইতে পারে।

(২) কেবলমাত্র জোষ্টতার কারণে কোন বাস্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবেন না।

(৩) কোন কর্মচারীর চাকুরীর ব্যক্তিগত সম্পত্তি সংলগ্ন না হইলে, তিনি পদোন্নতির ঘাষ্যে কোন পদে নিয়োগ লাভের যোগ্য বলিয়া বিবোচিত হইবেন না।

(৪) টাকা ৩৭০০—৪৮২৫ ও তদ্বৰ্ধ বেতনসমূহের পদসমূহে পদোন্নতি মেধা-তথ্য-জ্ঞেষ্ঠতার ভিত্তিতে হইবে।

(৫) কোন কর্মচারীকে, ব্যাতিক্রমী ক্ষেত্র হিসাবে, তাহার অসাধারণ কৃতিত্ব, কর্তব্যান্তর্ভুক্ত এবং চাকুরীকালে উচ্চতর পদের জন্য প্রয়োজনীয় পেশাগত পরীক্ষার উত্তীর্ণ হওয়ার কারণে, পলা আতঙ্গ করতঃ পদোন্নতি দেওয়া যাইতে পারে।

১৫। প্রেবণ ও পূর্বস্বত্ত্ব।— (১) উপ-প্রতিবিধান (১) এর বিধান সাপেক্ষে বোর্ড যদি মনে করে যে, উহার কোন কর্মচারীর পারদর্শিতা বা তৎকর্তৃক গ্রহণ ক্ষমতা বিশেষ প্রশংসকণ অন্য কোন সংস্থা, অতগুলি হাওলাত গ্রহণকারী সংস্থা বলিয়া উল্লিখিত, এর জন্য প্রয়োজনীয়া, তাহা হইলে বোর্ড এবং হাওলাত গ্রহণকারী সংস্থার পরস্পরের মধ্যে সম্মত মেয়াদে ও শর্তাবলীনে উক্ত সংস্থার কোন পদে প্রেবণে কর্মরত থাকিবার জন্য উক্ত কর্মচারীকে নির্দেশ দেওয়া যাইতে পারেঃ

তবে শর্ত থাকে যে, কোন কর্মচারীকে তাহার সম্মতি ব্যাতিক্রমে প্রেবণে কর্মরত থাকিবার নির্দেশ দেওয়া হইবে না।

(২) হাওলাত গ্রহণকারী সংস্থা বোর্ডের কোন কর্মচারীর চাকুরীর আবশ্যিকতা রাখিয়াছে বলিয়া বোধ করিলে উক্ত সংস্থা বোর্ডকে বিষয়টি অবহিত করিবে এবং বোর্ড উক্ত কর্মচারীর সম্মতি লইয়া হাওলাত গ্রহণকারী সংস্থা কর্তৃক উল্লিখিত শর্তাবলীর ভিত্তিতে তাহার প্রেবণের শর্তাবলী নির্ধারণ করিবে।

(৩) উপ-প্রতিবিধান (২) তে যাহা কিছুই থাকুক না কেন, প্রেবণের শর্তাবলীতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে, যথাঃ—

(ক) প্রেবণের সময়কাল, ব্যাতিক্রমী ক্ষেত্র ছাড়া, তিনি বৎসরের অধিক হইবে না;

(খ) বোর্ডের চাকুরীতে উক্ত কর্মচারীর পূর্বস্বত্ত্ব থাকিবে এবং প্রেবণের মেয়াদভাবে, অথবা উক্ত মেয়াদের পূর্বে ইহার অবসান ঘটিলে, তিনি বোর্ড এ প্রত্যাবর্তন করিবেন;

(গ) হাওলাত গ্রহণকারী সংস্থা তাহার ভবিষ্য তহবিল ও পেনশন, যদি থাকে, বাদ প্রাপ্ত অর্থ পরিশোধের নিষ্ঠচর্তা বিধান করিবে।

(৪) কোন কর্মচারী প্রেবণে থাকাকালে, তিনি বোর্ড এ পদোন্নতির জন্য বিবেচনাযোগ্য হইলে, তাহার পদোন্নতির বিষয়টি অন্যান্যদের সংগে একত্রে বিবেচনা করা হইবে এবং পদোন্নতি কার্যকর করিবার জন্য তাহাকে বোর্ডে প্রত্যাবর্তন করাইতে হইবে।

(৫) কোন কর্মকর্তা প্রেবণে থাকাকালে তাহার পদোন্নতি কার্যকর করার উদ্দেশ্যে বোর্ড তাহাকে ফেরত চাহিলে, তিনি যদি যথাসময়ে ফেরত না আসেন, তাহা হইলে উপ-প্রতিবিধান (৬) এর বিধান সাপেক্ষে, পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্ঞেষ্ঠতা উক্ত পদে তাহার প্রকৃত ঘোষণান্তর্ভুক্ত হইতে গণনা করা হইবে।

(৬) যদি কোন কর্মচারীকে হাওলাত গ্রহণকারী সংস্থার স্বার্থে প্রেবণে থাকিবার অনুমতি দেওয়া হয়, তাহা হইলে, প্রেবণে থাকাকালে উক্ত কর্মচারীকে পদোন্নতি দেওয়া যাইতে পারে এবং এইরূপ ক্ষেত্রে, কোন আর্থিক স্বীকৃতি ছাড়াই next below rule অন্যান্য পদোন্নতি প্রদত্ত পদে তাহার জ্ঞেষ্ঠতা রক্ষা করা হইবে, তবে এইরূপ পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী হাওলাত গ্রহণকারী সংস্থায় প্রেবণে থাকাকালে পদোন্নতিজ্ঞিত কোন আর্থিক স্বীকৃতি পাইবেন কিনা তাহা বোর্ড ও উক্ত সংস্থার পরস্পরের সম্মতিক্রমে সিদ্ধান্তিকৃত হইবে।

(৭) শ্রেণীগত ব্যবস্থার ব্যাপারে হাওলাত গ্রহণকারী সংস্থা প্রেরণে কর্মরত কর্মচারীর বিরুদ্ধে শ্রেণীগত কার্যক্রম সূচনা করার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, যে অবস্থার পরিপ্রেক্ষিতে শ্রেণীগত কার্যক্রম সূচনা করা হইয়াছে, তাহা হাওলাত গ্রহণকারী সংস্থা বোর্ডকে অবিলম্বে অবহিত করিবে।

(৮) প্রেরণে কর্মরত কোন কর্মচারীর বিরুদ্ধে সংচিত শ্রেণীগত কার্যধারায় প্রাপ্ত তথ্যের ভিত্তিতে হাওলাত গ্রহণকারী সংস্থা যদি এইরূপ অভিমত প্রোবণ করে যে, তাহার উপর কোন দণ্ড আরোপ করা আবশ্যিক, তাহা হইলে উক্ত সংস্থা উহার রেকর্ডসমূহ বোর্ডের নিকট প্রেরণ করিবে এবং অতঃপর বোর্ড যেইরূপ প্রয়োজন বলিয়া মনে করে সেইরূপ আদেশ প্রদান করিবে।

চতুর্থ অধ্যায়

ছুটি, ইত্যাদি

১৬। বিভিন্ন প্রকারের ছুটি।— (১) কর্মচারীগণ নিম্নবর্ণিত যে কোন ধরণের ছুটি পাইবেন, যথাঃ—

- (ক) পূর্ণ বেতনে ছুটি;
- (খ) অর্ধ-বেতনে ছুটি;
- (গ) বিনা বেতনে অসাধারণ ছুটি;
- (ঘ) বিশেষ অক্ষমতাজনিত ছুটি;
- (ঙ) সংগ্রহোধ ছুটি;
- (চ) প্রসূতি ছুটি;
- (ছ) অধ্যয়ন ছুটি; এবং
- (জ) নৈমিত্তিক ছুটি।

(২) উপর্যুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি ব্যাতীত অন্যবিধ ছুটি মঞ্জুর করিতে পারে এবং ইহা সাধারণ বন্ধের দিনের সাহিত সংযুক্ত করিয়াও প্রদান করা যাইতে পারে।

(৩) বোর্ডের পূর্ণ অনুমোদন লইয়া উপর্যুক্ত কর্তৃপক্ষ বিশেষ অক্ষমতাজনিত ছুটি ও অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে।

১৭। পূর্ণ বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎকৃত দায়িত্ব পালনে অতিবাহিত কার্যদিবসের ১/১১ হারে পূর্ণ বেতনে ছুটি অর্জন করিবেন এবং পূর্ণ বেতনে প্রাপ্ত এককালীন ছুটির পরিমাণ চার মাসের অধিক হইবে না।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন অর্জিত ছুটির পরিমাণ চার মাসের অধিক হইলে তাহা সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাবে একটি প্রথক খাতে জমা দেখানো হইবে ; ডাক্তারী সার্টিফিকেট উপস্থাপন সাপেক্ষে, অথবা বাংলাদেশের বাহিনীর খর্চীর সফর, অধ্যয়ন বা অবকাশ ও চিকিৎসানোদনের জন্য, উক্ত জমাকৃত ছুটি হইতে পূর্ণ বেতনে ছুটি মঞ্জুর করা যাইতে পারে।

১৮। অর্ধ-বেতনে ছুটি।— (১) প্রত্যেক কর্মচারী তৎক্ষণ কর্মসূচি পালনে অভিযোগ কার্যদিবসের ১/১২ হারে অর্ধ-বেতনে ছুটি অর্জন করিবেন এবং এইরূপে জমা হওয়ার কোন সীমা থাকিবে না।

(২) ডাক্তারী সার্টিফিকেট দাখিল সাপেক্ষে, অর্ধ-বেতনে দুই দিনের ছুটির পরিবর্তে একদিনের প্রশ্ন-বেতনে ছুটির হারে অর্ধ-বেতনে ছুটিকে প্রশ্ন-বেতনে ছুটিতে রূপান্তরিত করা যাইতে পারে এবং এইরূপে রূপান্তরিত ছুটির সর্বোচ্চ পরিমাণ হইবে গড় বেতনে বার মাস।

১৯। প্রাপ্যতাৰিহীন ছুটি— (১) ডাক্তারী সার্টিফিকেট দ্বারা সম্মত হইলে কোন কর্মচারীকে তাহার সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ বার মাস পর্যন্ত, এবং অন্য কোন কারণে হইলে, তিনি মাস পর্যন্ত, অর্ধ-বেতনে প্রাপ্যতাৰিহীন ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) কোন কর্মচারী তাহার ছুটি পাওনা হওয়ার প্রবেশ প্রাপ্যতাৰিহীন ছুটি ভোগ করিয়া ফিরিয়া আসিলে, তিনি উক্ত ভোগকৃত ছুটির সমান ছুটি পাইবার অধিকারী না হওয়া পর্যন্ত ন্যূনতমভাবে উপ-প্রতিধান (১) এর অধীন কোন ছুটি পাইবার অধিকারী হইবেন না।

২০। বিনাবেতনে অসাধারণ ছুটি।— (১) বিনাবেতনে কর্মচারীর অন্য কোন ছুটি পাওনা না থাকে বা অন্য প্রকার কোন ছুটি পাওনা থাকে অথচ সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে বিনাবেতনে অসাধারণ ছুটির জন্য আবেদন করেন, তখন তাহাকে বিনাবেতনে অসাধারণ ছুটি মঙ্গুর করা যাইতে পারে।

(২) বিনাবেতনে অসাধারণ ছুটির মেয়াদ একবারে তিন মাসের অধিক হইবে না, তবে নিম্নরূপ ক্ষেত্রে উক্ত ছুটির মেয়াদ বৃদ্ধি করা যাইতে পারে, যথা :—

(ক) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী এই শর্তে বিদেশে প্রশিক্ষণ গ্রহণের অনুমতিপ্রাপ্ত হন যে, উক্ত প্রশিক্ষণ গ্রহণের পরে পাঁচ বৎসরের জন্য তিনি বোর্ডের চাকুরী করিবেন ; অথবা

(খ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারী চিকিৎসাধীন থাকেন ; অথবা

(গ) যে ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, উক্ত কর্মচারী তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে কর্তব্যে যোগদান করিতে অসমর্থ।

(৩) উপযুক্ত কর্তৃপক্ষ কোন কর্মচারীর বিনা ছুটিতে অনুপস্থিতির সময়কে ভূতাপেক্ষ কার্যকরতাসহ বিনাবেতনে অসাধারণ ছুটিতে রূপান্তরিত করিতে পারেন।

২১। বিশেষ অক্ষমতাজনিত ছুটি।— (১) কোন কর্মচারী তাহার ঘৰাবধি কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিণামতে অথবা তাহার পদে অধিষ্ঠিত থাকিবার কারণে আবাসপ্রাপ্ত হইয়া অক্ষম হইলে, উপযুক্ত কর্তৃপক্ষ তাহাকে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করিতে পারে।

(২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হয় সেই অক্ষমতা তিন মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে বাস্তু অক্ষম হন, সেই বাস্তু উক্ত অক্ষমতার কারণ অবিলম্বে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে, বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গুর করা হইবে না।

(৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এসমন্দেশ্যে নিষ্পত্তি চৰিকৎসা কর্তৃপক্ষ প্রত্যয়ন কৰিবে সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঙ্গল কৰা হইবে ; উক্ত চৰিকৎসা কর্তৃপক্ষের প্রত্যয়ন ব্যাতিরেকে তাহা বার্ধিত কৰা হইবে না ; এবং এইরূপ ছুটি কোনসমেই ২৪ মাসের অধিক হইবে না।

(৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি অন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত কৰা যাইতে পারে।

(৫) যদি একই ধরনের অবস্থায় প্রবত্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার প্রয়োব্লম্ব ঘটে, তাহা হইলে একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঙ্গল কৰা যাইবে, তবে এইরূপ একাধিকবারে মঙ্গলকৃত ছুটির পরিমাণ ২৪ মাসের অধিক হইবে না ; এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঙ্গল কৰা যাইবে।

(৬) শুধুমাত্র আন্তোষ্টিকের এবং, যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্ত হয় সে ক্ষেত্রে, অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব কৰিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা কৰা হইবে এবং ইহা ছুটির হিসাব হইতে বিয়োজন কৰা হইবে না।

(৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটিকালীন বেতন হইবে নিম্নরূপ, যথা—

(ক) উপ-প্রাপ্তিধান (৫) এর অধীনে মঙ্গলকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চারি মাসের জন্য পূর্ণ বেতন ; এবং

(খ) এইরূপ ছুটির অবাশিষ্ট মেয়াদের জন্য অর্ধ-বেতন।

(৮) এই প্রতিধানের অন্যান্য বিধানসভার প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত কৰা যাইতে পারে, যাঁর তাহার যথাযথ কর্তব্য পালনকালে, বা উহা পালনের পরিণামতে, অথবা তাহার পদে অধিষ্ঠিত ধার্মিকবার কারণে, দৃষ্টিনাশক : আঘাতপ্রাপ্ত হইয়াছেন অথবা বিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ক্ষুরিক বহিভৰ্ত অসুস্থতা বা জরুর বাড়াইয়া তোলার সম্ভাবনা থাকে এইরূপ অসুস্থতা বা জরুরের দর্বন অক্ষম হইয়াছেন।

২২। সংগৰোধ ছুটি।— (১) কোন কর্মচারীর পরিবারে বা গ্রহে সংক্রান্ত ব্যাধি থাকার ক্ষেত্রে যদি আদেশ স্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে যে সময়ের জন্য উক্তরূপ নির্দেশ কার্য্যকর থাকে সেই সময়কাল হইবে সংগৰোধ ছুটি।

(২) অফিস প্রধান, কোন চৰিকৎসা-কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অন্ধা' ২১ দিন অথবা অস্বাভাবিক অবস্থায় অন্ধা' ৩০ দিনের জন্য সংগৰোধ ছুটি মঙ্গল কৰিতে পারেন।

(৩) সংগৰোধের জন্য উপ-প্রাপ্তিধান (২) এ উল্লিখিত মেয়াদের অর্থাত্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপব্রূত্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রতিধানমালার অধীন অন্য কোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।

(৪) সংগৰোধ ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সংগে সংযুক্ত কৰিবাও মঙ্গল কৰা যাইতে পারে।

(৫) সংগৰোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দারিদ্র্য পালনে অন্ধপর্চাত বলিয়া গণ্য কৰা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রান্ত ব্যাধিতে আঘাত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৩। প্রস্তুতি ছুটি।— (১) কোন কর্মচারীকে পূর্ণ-বেতনে সর্বাধিক তিন মাস পর্যন্ত প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) প্রস্তুতি ছুটি মঞ্জুরীর অন্তরোধ কোন নির্বাচিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনামতে কর্মচারীর প্রাপ্ত অন্য যে কোন ছুটির সহিত একত্রে বা উহা সম্পূর্ণার্থে করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) বোর্ডে কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহাকে দণ্ডিবারের অধিক প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৪। অবসর প্রস্তুতি ছুটি।— (১) কোন কর্মচারী ছয় মাস পর্যন্ত পূর্ণ বেতনে এবং আরও ছয় মাস অর্ধ-বেতনে অবসর-প্রস্তুতি ছুটি পাইবেন এবং এইরূপ ছুটির মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পরেও সম্পূর্ণার্থে করা যাইতে পারে, কিন্তু আটাম বৎসর বয়স-সীমা অতিক্রমের পর উহা সম্পূর্ণার্থে করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে এক মাস পূর্বে অবসর-প্রস্তুতি ছুটির জন্য আবেদন না করিলে তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একদিন পূর্বে অবসর-প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৫। অধ্যয়ন ছুটি।— (১) বোর্ডে তাহার চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বৈজ্ঞানিক, কারিগরী বা অন্তর্বৃত্ত সমসামী অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন কর্মচারীকে উপযুক্ত কর্তৃপক্ষ অর্ধ-বেতনে অধিক বার মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারে; এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকাল দ্রষ্টব্যতে পান বৈ. মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা প্রশিক্ষণ ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সে ক্ষেত্রে সময়ের স্বল্পতা প্ররূপকরণে উপযুক্ত কর্তৃপক্ষ অনধিক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন-ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারে।

(৩) পূর্ণ-বেতনে বা অর্ধ-বেতনে ছুটি বা বিনাবেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন-ছুটি মঞ্জুর করা যাইতে পারে, তবে এইরূপ মঞ্জুরীকৃত ছুটি কোনভাবেই একত্রে মোট দুই বৎসরের অধিক হইবে না।

২৬। নৈমিত্তিক ছুটি।— সরকার সরঞ্জ সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতি পঞ্জিকা বৎসরে মোট ষড়দিন ছুটি নির্ধারণ করিবে কর্মচারীগণ গ্রোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৭। ছুটির পদ্ধতি।— (১) প্রতোক কর্মচারীর ছুটির হিসাব বোর্ড কর্তৃক নির্ধারিত স্থান ও পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা হইবে।

(২) ছুটির জন্য সকল আবেদন বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন তাহার সংপারিশক্রমে উপর্যুক্ত কর্তৃপক্ষ ছুটি মঙ্গল করিতে পারেন।

(৪) বিশেষ পরিস্থিতিতে, কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি, আন্দোলনিক মঙ্গলী আঙ্গসূলী সাপেক্ষে, উক্ত কর্মচারীকে অনুমতি ১৫ দিনের জন্য ছুটিতে যাইবার অনুমতি দিতে পারেন।

২৮। ছুটিকালীন বেতন।— (১) কোন কর্মচারী প্রণ-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সব শেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

(২) কোন কর্মচারী অর্ধ-বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সব শেষ যে বেতন পাইয়াছেন সেই বেতনের অর্ধ-হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৯। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো।— ছুটি ভোগরত কোন কর্মচারীকে ছুটির মেরাদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তলব করা য হইতে পারে এবং তাহাকে অন্তর্ভুক্তভাবে তলব করা হইলে, তিনি যে কর্মসূলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে রওয়ানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য প্রাবিধান ৩১ অন্যান্য তিনি ভ্রমণ-ভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩০। ছুটির নগদায়ন।— (১) যে কর্মচারী অবসর ভাতা, সাধারণ ভৱিষ্য তহবিল ও অবসরজনিত স্ব-বিধানি পরিকল্পন চালা হওয়া সঙ্গেও উক্ত পরিকল্পনের স্ব-বিধা গ্রহণের জন্য প্রাবিধান ৫১ এর অধীনে ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অভেগকৃত ছুটির ৫০% ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন; তবে এইরূপ রূপান্তরিত টাকার মোট পরিমাণ তাহার বার মাসের বেতন অপেক্ষা বেশী হওয়া চালিবে না।

(২) সর্বশেষ মূল বেতনের ডিস্ট্রিক্টে উপ-প্রাবিধান (১) এ উল্লিখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

ভ্রমণ ভাতা, ইত্যাদি

৩১। ভ্রমণ ভাতা।— বোর্ড-এর কোন কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থে বা বদলী উপলক্ষে ভ্রমণকালে যে ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা পাইবেন, উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদুদ্দেশ্যে প্রণীতব্য প্রাবিধান দ্বারা নির্ধারিত হইবে।

৩২। সম্মাননা, ইত্যাদি।— (১) বোর্ড উহার কোন কর্মচারীকে সামরিক প্রক্রিতির কোন কর্ম সম্পাদনের জন্য অথবা বিশেষ মেধার প্রয়োজন হয় এমন নব প্রবর্তনমূলক বা গবেষণা বা উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যান্যভাবে সম্মাননা বা প্রমুক্তার প্রদান করিতে পারিবে।

(২) এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক সংপারিশকৃত না হইলে উপ-প্রাবিধান (১) এর অধীন কোন সম্মাননা বা প্রমুক্তার মঙ্গল করা হইবে না।

৩০। দারিদ্র্য ভাতা।— কোন কর্মচারী উপর্যুক্ত কর্তৃপক্ষের আদেশস্থলে কমপক্ষে ২১ দিনের জন্য তাহার নিজ দারিদ্র্যের অতিরিক্ত দারিদ্র্য হিসাবে উচ্চতর কোন পদের দারিদ্র্য পালন করিলে, তাহাকে মূল বেতনের শতকরা ২০ ভাগ হারে দারিদ্র্য ভাতা প্রদান করা হইবে।

৩১। উৎসব ভাতা ও বোনাস।— সরকার কর্তৃক এতদ্দলেশ্যে সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ মোতাবেক বোর্ডের কর্মচারীগণকে উৎসব ভাতা ও বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর ব্যৱস্থা

৩২। চাকুরীর ব্যৱস্থা।— (১) প্রত্যেক কর্মচারীর চাকুরীর ব্যৱস্থা প্রথম প্রথম প্রত্যক্ষভাবে রক্ষণাবেক্ষণ করা হইবে এবং উক্ত ব্যৱস্থা বোর্ড কর্তৃক নির্ধারিত চাকুরী বহিতে সংরক্ষিত থাকিবে।

(২) কোন কর্মচারী এতদ্দলেশ্যে কর্তৃপক্ষাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রাতি বৎসরে একবার তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপে দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।

(৩) বাদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয় গ্রুটিপ্র্গ্ৰাম ভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদি পাঁড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে তিনি উহা সংশোধনের জন্য পনের দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃপক্ষাপ্ত কর্মকর্তার দলিলগোচর করিবেন, এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৩৩। বার্ষিক প্রতিবেদন।— (১) বোর্ড ইহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরণ সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন বার্ষিক গোপনীয় প্রতিবেদন নামে অভিহিত হইবে; এবং বিশেষক্ষেত্রে প্রয়োজনবোধে বোর্ড ইহার কোন নির্দিষ্ট কর্মচারীর বিশেষ গোপনীয় প্রতিবেদন প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাহিতে পারিবে।

(২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না, কিন্তু উহাতে কোন বিষয় মন্তব্য থাকিলে উহার ফৈফুরাত প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ দেওয়া হইবে।

সপ্তম অধ্যায়

নাব্যাবণ আচরণ ও শৃঙ্খলা

৩৪। আচরণ ও শৃঙ্খলা।— (১) প্রত্যেক কর্মচারী—

- (ক) এই প্রবিধানমালা মানিয়া চালিবেন;
- (খ) যে বাস্তি বা বাস্তিবর্গের এখনিয়ায়, তত্ত্ববধান ও নিয়ন্ত্রণে আপাততঃ কর্ম নিরোজিত রাখিয়াছেন তাহার বা তাহাদের স্বারা সময়ে সময়ে প্রদত্ত সকল আদেশ ও নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চালিবেন; এবং
- (গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত বোর্ডের চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী—

- (ক) কোন রাজনৈতিক আলোচনে অংশ গ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থী চাই দান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং বোর্ডের স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না;
- (খ) তাহার অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার প্র্ব' অনুমতি ব্যাপ্তিরেকে দায়িত্বে অনুগ্রহিত থাকিবেন না কিংবা চাকুরীসহ তাগ করিবেন না;
- (গ) বোর্ডের সহিত লেনদেন রাখিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রাখিয়াছে এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না;
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিসাবে কাজ করিবেন না;
- (ঙ) কোন বাবসায়ের কাজে নিয়োজিত হইবেন না কিংবা নিজে বা অন্য কোন ব্যাপ্তির প্রতিনিধি হিসাবে অন্তর্বেপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না;
- (চ) উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্ব' অন্তর্বেদন ব্যাপ্তিরেকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না; এবং
- (ছ) সরকার বা উপর্যুক্ত কর্তৃপক্ষের অন্তর্বেদন ব্যাপ্তি কোন খণ্ডকালীন কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।

(৩) কোন কর্মচারী বোর্ডের নিকট বা উহার কোন সদস্যের (Member) নিকট কোন ব্যক্তিগত নিবেদন পেশ করিতে পারিবেন না, কোন নিবেদন থাকিলে, তাহা কর্মচারীর অব্যবহিত উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।

(৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবীর সমর্থনে বোর্ড বা উহার কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অনাবিধ প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।

(৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন অস্ত্রী বা জনসন্দৰ সদস্য বা অন্য কোন বেসরকারী বা সরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।

(৬) কোন কর্মচারী বোর্ডের বিষয়াদি সম্পর্কে উপর্যুক্ত কর্তৃপক্ষের প্র্ব' অনুমতি ব্যাপ্তি সংবাদপ্ত বা অন্য কোন গণ-মাধ্যমের সহিত কোন বোগাযোগ স্থাপন করিবেন না।

(৭) প্রতোক কর্মচারী অভ্যসগত ঘণ্টাস্ততা পরিহার করিবেন।

৩৯। দণ্ডের ভিত্তি।—কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী—

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা
- (ঘ) অদক্ষ হন, অথবা দক্ষতা হারাইয়া ফেলেন, অথবা
- (ঙ) নিম্নবর্ণিত কারণে দ্বন্দ্বীতিপরায়ণ হন বা ঘৃত্তিসংগতভাবে দ্বন্দ্বীতিপরায়ণ বলিক্ষণ বিবেচিত হন, যথা :—
- (অ) তিনি বা তাহার কোন পোষা বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ আয়ের উৎসের সহিত অসংগতিপূর্ণ অর্থ সম্পদ বা সম্পত্তি দখলে গ্রাহন কৰা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যথ' হন, অথবা

- (আ) তাহার প্রকাশ্য আয়োর সংগৃতি রক্ষা না করিবা জীবনযাপন করেন, অথবা
- (চ) চুরি, আঘসাই, তহবিল তসরুফ বা প্রতারণার দায়ে দোষী ইন, অথবা
- (ছ) বোর্ড বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতামূলক কোন কার্যে লিপ্ত ইন বা অন্তর্ভূপ কার্যে লিপ্ত রাহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের স্থানে সংশ্লিষ্ট রাহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তিসংগত কারণ থাকে যে উক্ত অন্যান্যকারী ব্যক্তিগণ বোর্ড বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকতামূলক কার্যে লিপ্ত রাহিয়াছেন এবং সেই কারণে তাহাকে চাকুরীতে রাখা সমীচীন নহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিক দণ্ড আরোপ করিতে পারে।

৩৯। দন্তসম্মত— (১) এই প্রাবিধানের অধীন নিম্নরূপ দন্তসম্মত আরোপযোগ্য হইবে,
বিধাৎ—

(ক) নিম্নরূপ লঘু দণ্ড, বিধাৎ—

(অ) তিরস্কার;

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন-বর্ধন স্থানিক রাখা; বা

(ই) ৭ দিনের মূল বেতনের সমগ্রিমাণ অর্থ দণ্ড।

(খ) নিম্নরূপ গুরুদণ্ড, বিধাৎ—

(অ) নিম্নপদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নস্তরে অবনতকরণ;

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত বোর্ড এর আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পর্ক তাহার বেতন বা অন্য কোন খাতের পাওনা হইতে আদায়করণ;

(ই) চাকুরী হইতে অপসারণ; এবং

(ঈ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে বরং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, ভবিষ্যাতে বোর্ডের চাকুরীতে নিযুক্ত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

৪০। ধৰ্মসাধক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পর্যাতি।— (১) প্রাবিধান ৩৮ (ছ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা স্থচনা করার ক্ষেত্রে, কর্তৃপক্ষ—

(ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ ম্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্তি কোন প্রকার ছ্রুটিতে শাইবার জন্য নির্দেশ দিতে পারেন;

(খ) লিখিত আদেশ ম্বারা তাহার ব্যাপারে যে ব্যবস্থা প্রহণের প্রস্তাব করে সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা প্রহণের ভিত্তিসম্মত সম্পর্কে তাহাকে অবাহিত করিবেন; এবং

(গ) উপ-প্রাবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কর্মটির নিকট উক্ত কর্মচারীর বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত ব্যুৎপন্ন প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কর্তৃপক্ষ এই সর্বে সম্মুক্ত হয় যে, বোর্ড বা জাতীয় নিরাপত্তার স্বার্থে তাহাকে অন্তর্ভূপ সূব্যোগ প্রদান সমীচীন নহে, সেক্ষেত্রে তাহাকে অন্তর্ভূপ কোন সূব্যোগ প্রদান করা হইবে না।

(২) এই প্রবিধানের অধীন কোন কার্য থারায় তদন্ত সম্পন্ন করিবার জন্য কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মচারীর পদ-অর্পণার নিলে নহেন এমন তিনজন কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কর্মাট গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীনে গঠিত তদন্ত কর্মাট অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রাপ্ত বেলনের উপর ইরূপ উপযুক্ত বালিয়া মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৪১। লঘুদণ্ডের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।— (১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা স্থচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইরূপ আভিযুক্ত পোষণ করে থে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরন্তকার অপেক্ষা গুরুতর কোন দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ—

- (ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে, এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির সাতটি কার্য দিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কিনা তাহা জানাইবার জন্য তাহাকে নির্দেশ প্রদান করিবেন ; এবং
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পোশকত কৈফিয়ত, যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তবে তাহাকে ব্যক্তিগতভাবে শুনানীর স্বয়েগ দেওয়ার পর অথবা, নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারে যাহাতে অভিযুক্ত ব্যক্তিকে লিখিতভাবে অভিযোগ সম্পর্কে অবাহিত করার তারিখ হইতে হিশটি কার্য্য দিবসের মধ্যে সম্পন্ন কার্য্যক্রম সমাপ্ত হয়ঃ

তবে শর্ত থাকে যে, নির্দিষ্ট সময় অতিবাহিত হওয়ার পৰ্বে অভিযুক্ত ব্যক্তি যদি অতিরিক্ত সময়ের জন্য আবেদন করেন, তবে কর্তৃপক্ষ, যথাযথ মনে করিলে, কৈফিয়ত পেশ করার জন্য দশটি কার্য্যদিবস পর্যন্ত সময় ব্র্যাক্স অন্তর্মাত্র প্রদান করিতে পারিবেনঃ

আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত ব্যক্তির গদর্মাজার নীচে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা নিরোগ করিতে পারিবেন ; এবং এইরূপ নিরোগের ক্ষেত্রে, এই প্রবিধানের অধীন অন্তর্মোদনবোগ্য সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করার জন্য উক্ত কর্মকর্তাকে নির্দেশ দিবেন ; কিন্তু তদন্তকারী কর্মকর্তা যদি নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তবে তিনি তদন্তের আদেশ প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে সময় ব্র্যাক্স জন্য অন্তর্বোধ করিবেন এবং আদেশ দানকারী কর্তৃপক্ষ, অন্তর্বোধটি বিবেচনার পর যথাযথ মনে করিলে, অতিরিক্ত পনেরটি কার্য্যদিবসের জন্য উক্ত সময় ব্র্যাক্স মঞ্জুর করিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পনেরটি কার্য্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ তৎসম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন অথবা, প্রয়োজন মনে করিলে, অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন এবং এইরূপ আদেশ প্রদান করা হইলে, তদন্তকারী কর্মকর্তা উক্ত আদেশের তারিখ হইতে পনেরটি কার্য্যদিবসের মধ্যে এইরূপ তদন্ত সমাপ্ত করিবেন।

(৩) অধিকতর তদন্তের প্রতিবেদন প্রাপ্তির বিশিষ্ট কার্য্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) অভিযন্ত বাস্তির বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগ সম্পর্কে তাহাকে এই প্রবিধানের অধীনে অব্যহত করার তাৰিখ হইতে নব্বইটি কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ চৰ্ডাল্ট সিদ্ধান্ত গ্রহণে ব্যৱহৃত হইলে, অভিযন্ত বাস্তির বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগ প্রত্যাহার হইয়াছে এবং তদন্মারে উক্ত কার্যক্রম নিষ্পত্তি হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং এইরূপ ব্যৱহাৰৰ জন্য দায়ী বাস্তি বা বাস্তিবগ ইহার জন্য কৈফিয়ত দিতে বাধা থাকিবেন; এবং উক্ত কৈফিয়ত সন্তোষজনক না হইলে, তাহার বা তাহাদেৱ বিরুদ্ধে অনুসন্ধান দায়ে এই প্রবিধানমালার অধীনে কার্যধাৰা সূচনা কৰা যাইতে পাৰে।

(৫) যেক্ষেত্ৰে প্রবিধান ৩৮ এৰ দফা (ক) বা (খ) বা (ঘ) এৰ অধীনে কোন কৰ্মচাৰীৰ বিৱৰণে কোম কার্যধাৰা সূচনা কৰিতে হৈ, এবং কৰ্তৃপক্ষ এইরূপ অভিমত পোৰণ কৰে যে, অভিযোগ প্ৰমাণিত হইলে, তিৱন্মকাৰে দণ্ড প্ৰদান কৰা যাইতে পাৰে, সেক্ষেত্ৰে কৰ্তৃপক্ষ উক্ত কৰ্মচাৰীকে বাস্তিগতভাৱে শুনানীৰ স্বয়োগদান কৰতঃ, দণ্ডেৰ কাৰণ লিপিবৰ্ণ কৰার পৰ, অভিযন্ত বাস্তিৰ প্ৰতি উক্ত দণ্ড আৱোপ কৰিতে পাৰে; তবে যদি অভিযন্ত বাস্তি উপস্থিত না হন বা উপস্থিত হইতে অস্বীকাৰ কৰেন, তাহা হইলে অনুৱৰ্পণ শুনানী বাস্তিৱেকেই তাহাকৰ উপয় উক্ত তিৱন্মকাৰেৰ দণ্ড আৱোপ কৰা যাইবে, অথবা উপ-প্ৰবিধান (১), (২), (৩) ও (৪) এ বৰ্ণিত পথ্যতি অনুসৰণ কৰার পৰ অভিযোগ প্ৰমাণিত হইলে তিৱন্মকাৰ অপেক্ষা গুৱৰ্তুৰ অন্য কোন লঘু দণ্ড আৱোপ কৰা যাইবে; এবং যদি অভিযন্ত বাস্তি দাবী কৰেন যে, তাহাকে লিখিতভাৱে অভিযোগ জানাইতে হইবে, তাহা হইলে উপ-প্ৰবিধান (১), (২), (৩) ও (৪) এ বৰ্ণিত পথ্যতি অনুসৰণ কৰিতে হইবে, এবং অভিযোগ প্ৰমাণিত হইলে তিৱন্মকাৰ অপেক্ষা গুৱৰ্তুৰ অন্য কোন লঘু দণ্ড আৱোপ কৰিতে হইবে।

৪২। গুৱৰ্দণদণ্ডেৰ ক্ষেত্ৰে তদন্তেৰ পথ্যতি।—(১) যে ক্ষেত্ৰে কোন কৰ্মচাৰীৰ বিৱৰণে এই প্রবিধানমালার অধীনে কোন কার্যধাৰা সূচনা কৰিতে হইবে এবং কৰ্তৃপক্ষ এইরূপ অভিমত পোৰণ কৰেন যে, অভিযোগ প্ৰমাণিত হইলে গুৱৰ্দণ আৱোপ কৰার প্ৰয়োজন হইবে, সেক্ষেত্ৰে কৰ্তৃপক্ষ—

- (ক) অভিযোগনামা প্ৰণয়ন কৰিবে এবং প্ৰস্তাৱিত দণ্ডেৰ বিষয়ে উহাতে উল্লেখ কৰিবে, এবং যে সকল অভিযোগেৰ ভিত্তিতে অভিযোগনামাটি প্ৰগতি হইয়াছে উহাকৰ বিবৰণ এবং কৰ্তৃপক্ষ আদেশ প্ৰদানেৰ সময় অন্য যে সকল ঘটনা বিবেচনা কৰার ইচ্ছা পোৰণ কৰে তাহাও কৰ্মচাৰীকে অব্যহত কৰিবেন;
- (খ) অভিযন্ত বাস্তিকে অভিযোগনামা অব্যহত কৰার পৰ দশটি কাৰ্যদিবসেৰ মধ্যে তিনি তাহাকৰ আৰাপক্ষ সমৰ্থনে লিখিত বিবৃতি পেশ কৰিবেন এবং প্ৰস্তাৱিত দণ্ড কেন তাহাকৰ উপয় আৱোপ কৰা হইবে না তৎসম্পর্কে কাৰণ দৰ্শাইবেন এবং তিনি বাস্তিগতভাৱে শুনানীৰ ইচ্ছা পোৰণ কৰেন কিনা তাহাও উক্ত বিবৃতিতে উল্লেখ কৰিবেনঃ

তবে শৰ্ত থাকে যে, উল্লিখিত মেয়াদ শেষ হইবাৰ পৰ্বে অভিযন্ত বাস্তি যদি সময় বৰ্ধিয়া জন্য আবেদন কৰেন, তাহা হইলে কৰ্তৃপক্ষ তাহাকৰ লিখিত বিবৃতি পেশ কৰার জন্য দশটি কাৰ্যদিবস পৰ্যন্ত সময় দিতে পাৰে।

(২) যেক্ষেত্ৰে অভিযন্ত বাস্তি উপ-প্ৰবিধান (১) (খ) তে উল্লিখিত সময়েৰ মধ্যে তাহাকৰ আৰাপক্ষ সমৰ্থনেৰ জন্য বিবৃতি পেশ কৰেন, সেক্ষেত্ৰে কৰ্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত সকল বিষয়ামু প্ৰমাণসহ তাহাকৰ লিখিত বিবৃতি বিবেচনা কৰিবে এবং অনুৱৰ্পণ বিবেচনার পৰ কৰ্তৃপক্ষ যদি অভিমত পোৰণ কৰেন যে—

- (ক) অভিযন্ত বাস্তিৰ বিৱৰণে সঁচিত কার্যধাৰাটি অগ্ৰসৱ হইবাৰ পৰ্যন্ত কাৰণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার কৰিবে এবং তদন্মারে উক্ত কার্যধাৰা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযন্ত বাস্তির বিরুদ্ধে স্বচিত কার্যধারাটি অঞ্চলের হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগ প্রমাণিত হইলে লঘু দণ্ড প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযন্ত বাস্তিকে বাস্তিগতভাবে শুনানীর সুযোগদান করিয়া তাহার আঘাপক সমর্থনের জন্য বিবৃতি পেশের তারিখ হইতে তিথিটি কার্যদিবসের মধ্যে যে কোন একটি লঘু দণ্ড প্রদান করিতে পারিবে, অথবা লঘু দণ্ড আরোপের উদ্দেশ্যে প্রতিধান ৪১ এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রতিধানে বর্ণিত কার্যপ্রণালী অনুসরণ করিতে পারিবে;

(গ) উক্ত কার্যধারার অভিযন্ত বাস্তির উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে অভিযোগ তদন্তের জন্য অভিযন্ত বাস্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অন্তর্গত একাধিক কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কর্মিটি নিয়োগ করিবে।

(৩) যেক্ষেত্রে অভিযন্ত বাস্তি উপ-প্রতিধান (১) এ উচ্চিত্বিত বা বর্ধিত সময়ের মধ্যে তাহার আঘাপক সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ধিত সময় শেষ হওয়ার তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিযন্ত বাস্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অন্তর্গত একাধিক কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কর্মিটি নিয়োগ করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা বা, ক্ষেত্র বিশেষে, তদন্ত কর্মিটি তদন্তের আদেশদানের তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রতিধান ৪৩ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন, এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কর্মিটি, নিরোগের তারিখ হইতে তিথিটি কার্যদিবসের মধ্যে, কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন :

তবে শৰ্ত থাকে যে, তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কর্মিটি নির্ধারিত সময়সীমার মধ্যে তদন্ত কার্য সম্পন্ন করিতে না পারিলে, লিখিতভাবে কারণ উল্লেখ করিয়া তদন্তের সময় বৃক্ষির জন্য তদন্তের আদেশদানকারী কর্তৃপক্ষের নিকট অন্তরোধ জানাইতে পারেন; এবং আদেশদানকারী কর্তৃপক্ষ উক্ত অন্তরোধ বিবেচনা করিয়া প্রয়োজন মনে করিলে, অন্তর্ব বিশিষ্ট কার্যদিবস পর্যন্ত উক্ত সময় বৃক্ষি করিতে পারে।

(৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কর্মিটির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবে এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে; এবং প্রতিবেদন প্রাপ্তির তারিখ হইতে বিশিষ্ট কার্যদিবসের মধ্যে অভিযন্ত বাস্তিকে উক্ত প্রতিবেদনের কপিসহ সিদ্ধান্তটি জানাইবে।

(৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রতিধান (৫) মোতাবেক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে, তবে প্রস্তাবিত দণ্ড অভিযন্ত বাস্তির প্রতি কেন আরোপ করা হইবে না তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য তাহাকে নির্দেশ দিবে।

(৭) কর্তৃপক্ষ উপ-প্রতিধান (৬) এ উচ্চিত্বিত সময় অভিবাহিত হওয়ার পর পনেরটি কার্যদিবসের মধ্যে উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিযন্ত বাস্তিকে উহা অবহিত করিবে।

(৮) অভিযন্ত বাস্তিকে অভিযোগ সম্পর্কে অবহিত করার পর একশত আশিষটি কার্যদিবসের মধ্যে এই প্রতিধানের অধীনে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণে কর্তৃপক্ষ ব্যাখ্য হইলে, অভিযন্ত বাস্তি তাহার বিরুদ্ধে আনন্দিৎ অভিযোগ হইতে আপনা হইতেই অ্যাহার্তি পাইয়াছেন বলিল্লা গণ্য হইবে; এবং সেক্ষেত্রে যে বাস্তি বা বাস্তিগৰ্গ এইরূপ ব্যর্থতার জন্য দায়ী তিনি বা তাহারা ইহার কৈফিয়ত প্রদান করিতে বাধ্য থাকিবেন এবং যদি উক্ত কৈফিয়ত সন্তোষজনক না হয়, তবে তাহার বা তাহাদের বিরুদ্ধে অদৃশ্যতার দায়ে ব্যবস্থা গ্রহণ করা থাইবে।

(৯) এই প্রবিধানের অধীন তদন্ত কার্যধারার পর্যাপ্ত সাক্ষ প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটির প্রতিবেদন উক্ত সাক্ষ প্রমাণ ও বিজ্ঞসংগত কারণের ভিত্তিতে সন্তুষ্টকৃত হইতে হইবে।

(১০) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।

৪৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক অন্যসরণীয় কার্যপ্রণালী।— (১) তদন্ত কর্মকর্তা প্রতিদিন সংশ্লিষ্ট বিষয়ে শুনানী অন্ত্যন্ত করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া, উক্ত শুনানী মূলতবী রাখিবেন না।

